

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
([www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd))

### বিজ্ঞপ্তি

স্মারক নং- ৮০.১১১.১১.০০.০০.০৩.২০১২(অংশ-১)-২৪

তারিখ ২ ফেব্রুয়ারি, ২০১৭

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের পিটিআই ইন্সট্রাক্টর(১ম শ্রেণি) এর শূন্য পদে নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের পিটিআই ইন্সট্রাক্টর(১ম শ্রেণি) এর শূন্য পদে নিয়োগের ২৩ নভেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় ২০৮ জন প্রার্থী উত্তীর্ণ হয়। বিপিএসসি ফরম-৩ জমাাদানকারী প্রার্থীদের মধ্যে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ০৭ মার্চ ২০১৭ তারিখ মঙ্গলবার সকাল ১০ঃ৩০ মিনিটে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-তে অনুষ্ঠিত হবে।

২। এ পদের প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রিলিমিনারি/লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। প্রবেশ পত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েব সাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েব সাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

৩। শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি এবং প্রার্থী চাকরিরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত (সীল-স্বাক্ষরিত) মূল ছাড়পত্র মৌখিক পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। মৌখিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী মূল আবেদনপত্র (Bpsc ফরম-৩) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে পাসপোর্ট সাইজের ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতার/প্রশিক্ষণ সনদ, প্রার্থী চাকরিরত হলে নিয়োগকারী কর্তৃক প্রদত্ত (সীল স্বাক্ষরিত) ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপিসহ ১(এক)সেট কাগজপত্র সংশ্লিষ্ট বোর্ডে পরীক্ষার দিন জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) প্রার্থীদের জন্য মোবাইল ফোন ও কোন প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।

৪। এ বিজ্ঞপ্তি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)- এ পাওয়া যাবে।

\*\* পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;  
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২০১৭  
২০.০২.২০১৭

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)